ভোরের কাগজ

127

তারিখ ... ... ... MAR: 06 2000
পৃষ্ঠা ২ কলাম ৫

# দাখিল পরীক্ষায় দেদারসে নকল, বরগুনায় গুলি ছুড়েছেন মাদ্রাসা অধ্যক্ষ

কাগজ ডেস্ক : দেশজুড়ে দাখিল পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল রোববার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে গণনকল অব্যাহত ছিল। বিচ্ছিন্নভাবে ১২১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করার খবর পাওয়া গেছে। বাগেরহাটে এক ভুয়া পরিদর্শককে গ্রেপ্তার করা হয়েছে। উল্লাপাড়ায় নকল নিয়ে সংঘর্ষে সাতজন আহত হয়েছে। বরগুনায় নিরাপত্তার অজুহাতে এক মাদ্রাসার অধ্যক্ষ গুলি ছুড়ে ত্রাস সৃষ্টি করেন।

বরগুনা প্রতিনিধি জানান, গতকাল মোকামিয়া আলিয়া মাদ্রাসা কেন্দ্রে পরীক্ষা শুরুর ২০ মিনিট পূর্বে অধ্যক্ষ ও হল সুপার মওলানা মাহমুদুল হাসান ফেরদৌস নিজের লাইসেন্সকৃত বন্দুক দিয়ে তিন রাউন্ড ফাঁকা গুলি ছোড়েন। নিরাপত্তার কারণে তিনি গুলি ছুড়েছেন বলে দাবি করলেও প্রত্যক্ষদর্শীরা তার দাবির যৌক্তিকতা নাকচ করে দিয়েছেন।